কালের কণ্ঠ

তারিখ ... 21 JUN 2016 ...
পৃ. ... কলাম ...

# ভারতের এক কোণে হিলারির প্রচারে স্কুল শিক্ষার্থীরা

**কালের কণ্ঠ ডেস্ক ▷**




যুক্তরাষ্ট্রের আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেট হিলারি ক্লিনটন আর রিপাবলিকান ডোনাল্ড ট্রাম্পকে নিয়ে চলছে নানা জল্পনা-কল্পনা। বিশ্বের নানা কোণে কেউ কেউ যখন ট্রাম্পের ব্যাপারে আশাবাদী, তখন ভারতের এক গ্রামে হিলারির পক্ষে তুমুল প্রচার চালাচ্ছে বেশ কয়েকটি স্কুলের শিক্ষার্থীরা।

যুক্তরাষ্ট্র থেকে হাজার হাজার মাইল দূরে ভারতের উত্তর প্রদেশের সাহারানপুরের স্কুল শিক্ষার্থীরা হিলারির পক্ষে প্রচারে নেমেছে। এলাকায় বিলবোর্ড-পোস্টার তো আছেই। অনেক শিক্ষার্থী 'আমি হিলারির সমর্থক' ব্যাজও ধারণ করছে। তারা হিলারির পক্ষে উচ্ছ্বসিত বক্তব্য দিচ্ছে।

এবার এই সমর্থনের মূল রহস্যে আসা যাক। সাহারান শহরে ৩৫ একরজুড়ে প্রতিষ্ঠিত রামরতি এডুকেশন কমপ্লেক্সে রয়েছে বেশ কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠান। এই যেমন বিল ক্লিনটন স্কুল, হিলারি ক্লিনটন নার্সিং স্কুল, হিলারি ক্লিনটন ইনস্টিটিউট অব প্যারামেডিক্যাল সায়েন্সেস। সব শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনা করে বিনোদ গুপ্ত চ্যারিটেবল ফাউন্ডেশন। বলা হয়, এই বিনোদ গুপ্ত ক্লিনটন পরিবারের ঘনিষ্ঠ বন্ধু। এমনকি বিল ক্লিনটন ২০০১ সালে এই এলাকা ঘুরেও গেছেন। তখন অবশ্য তাঁর নামে স্কুলের নামকরণ হয়নি।

নিকটস্থ কুরালি গ্রামের মেয়ে এবং বিল ক্লিনটন স্কুলের নবম শ্রেণীর শিক্ষার্থী মানসী পুণ্ডির বলে, 'নির্বাচনে আমি হিলারির প্রতি আমার নৈতিক সমর্থন এবং শুভকামনা জানাতে চাই। তিনি যেন যুক্তরাষ্ট্রের মতো একটি শক্তিধর দেশের প্রথম নারী প্রেসিডেন্ট হতে পারেন, সে জন্য আমি তাঁর সমর্থনে পোস্টারও বানিয়েছি। অন্যান্য দেশের জন্যও এটা উদাহরণ সৃষ্টি করবে।'

সূত্র : টাইমস অব ইন্ডিয়া।